

ক্লাসে শিক্ষকদের না দেখে ভিসি ফুরান

চট্টগ্রাম অফিস

সকাল ৯টায় আর্টস ফ্যাকাল্টির বিভিন্ন ডিপার্টমেন্টের ক্লাসে গিয়ে শিক্ষকদের না পেয়ে ফুরিয়েছেন চিটাগং ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এম. বদিউল আলম। পরে ফ্যাকাল্টির ডিনসহ শিক্ষকদের নিয়ে এক জরুরি মিটিংয়ে বসে এ ব্যাপারে সবাইকে সতর্ক করে দিয়ে বলেন, কেউ দায়িত্ব পালনে শিথিলতা দেখালে ইউনিভার্সিটি অ্যান্ড অনুষঙ্গী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। প্রত্যেক ডিপার্টমেন্টের সভাপতিকে সকাল ৯টায় উপস্থিত থেকে ক্লাস মনিটর করার জন্যও তিনি নির্দেশ দেন।

চিটাগং ইউনিভার্সিটির এক প্রেস রিলিজে জানানো হয়, গতকাল সকাল ৯টায় ভিসি প্রফেসর এম. বদিউল আলম আর্টস ফ্যাকাল্টির বিভিন্ন ডিপার্টমেন্ট হাটায় করে পরিদর্শন করেন। এ সময় ডিপার্টমেন্টের

সভাপতিসহ কোনো শিক্ষককে ক্লাসে দেখতে না পেয়ে তিনি বেবে ফুরান হন। পরিদর্শন শেষে তিনি সকাল সাড়ে ১০টায় আর্টস ফ্যাকাল্টির ডিন, পরীক্ষা নিয়ন্ত্রক ও বিভিন্ন ফ্যাকাল্টির ডিপার্টমেন্ট সভাপতিদের নিয়ে এক জরুরি মিটিংয়ে বসেন।

ভিসি প্রফেসর বদিউল আলম উপস্থিত সবাইকে সিন্ডিকেট মিটিংয়ের সিদ্ধান্তের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, সব ফ্যাকাল্টি ডিপার্টমেন্টের ক্লাস সকাল ৯টা থেকে শুরু করতে হবে। সেভাবেই ক্লাস রুটিন করে ভিসি অফিসে জানানোর অধিন দিয়ে তিনি বলেন, ক্লাসগুলো যাতে সকাল ৯টায় শুরু হয় সে বিষয়টি নিশ্চিত করতে প্রত্যেক ডিপার্টমেন্টের সভাপতিকে সকাল ৯টায় উপস্থিত থাকতে হবে। কোনো শিক্ষক দায়িত্ব পালনে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে মিটিংয়ে সিদ্ধান্ত নেয়া হয়।